গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ
ওয়েব সাইট : www.rdodtekhulna.gov.bd

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩. ২৮৬ তারিখ ঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ

বিষয় ঃ শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভা।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন (উপসচিব),
পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।
তারিখ ও সময় : ১৬.১০.২০২৩ খ্রি. সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।
স্থান : পরিচালকের সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে কাজ শুরু করেন। আগামী ১৮/১০/২০২৩ খ্রি. তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল এঁর জন্মদিন ও শেখ রাসেলে দিবস যথাযোগ্য মর্যাদায় সরকারি ভাবে পালন করা হবে মর্মে সকলকে সভায় অবহিত করেন । তিনি বলেন, শহিদ শেখ রাসেল ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডির ৩২ নম্বর রোডের বাড়িতে জন্মগ্রহণ করেন। ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের চতুর্থ শ্রেনিতে পড়া অবস্থায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট বর্বর ঘাতক চক্রের নির্মম বুলেটে জাতির পিতা বঙ্গবন্ধু ও বঙ্গমাতাসহ পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে শহিদ হন। তিনি আরো বলেন, শহিদ শেখ রাসেল স্মরণে তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলকে 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' নামে নামকরণ করা হয়েছে যা দেশব্যাপী আইসিটি শিক্ষার প্রসারে একটি যুগান্তকারী পদক্ষেপ।

অতঃপর তিনি সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা- কে কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সহকারী আঞ্চলিক পরিদর্শক বলেন, শেখ রাসেল এর মানবিক প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে শিশুরা 'সোনার বাংলা ' গড়ায় শক্তিতে বলীয়ান হবে। প্রতিবছর ১৮ অক্টোবর বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় সফলভাবে কেন্দ্রীয়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে 'শেখ রাসেল দিবস' উদযাপন করতে হবে। অতঃপর সহকারী আঞ্চলিক পরিদর্শক, দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের গত ১০/১০/২০২৩ খ্রি. তারিখের অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত ও জেলা প্রশাসকের সাথে সমন্বয় রেখে দিবসটি পালনের নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতি	আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগের অভ্যন্তরে শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতি স্থাপন করতে হবে। শেখ রাসেল এর প্রতিকৃতি সর্বনিম্ন দৈর্ঘ ৪ ফুট ও প্রস্থ ৩ ফুট বা সমানুপাতিক আকার হবে।	অত্র কার্যালয়ে শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতি, ব্যানার ও পুষ্পস্তবক প্রস্তুত করার সিদ্ধান্ত নেওয়া হয়।	১। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ২। জনাব নারোদ চন্দ্র সিংহ, প্রধান সহকারী
০২	শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক	শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতি স্থাপনপূর্বক ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় পরিচালক মহোদয়ের নেতৃত্বে অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা- কর্মচারীবৃন্দ পুষ্পস্থবক অর্পণ করবেন।	শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে স্থাপনপূর্বক ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় পরিচালক মহোদয়ের নেতৃত্বে অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা- কর্মচারীবৃন্দ পুষ্পস্থবক অর্পণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। জনাব মোঃ ইসরাইল হোসেন, পরিচালক (উপসিচব) এবং অন্যান্য সকল কর্মকর্তা- কর্মচারীবৃন্দ
০৩	আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন	১। শেখ রাসেল দিবস, ২০২৩ উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অত্র কার্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজনের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। ২। 'শিশু শিক্ষার উৎকর্ষ সাধনে নতুন শিক্ষাক্রম: শেখ রাসেল দিবসের ভাবনা' শীষক আলোচনা সভার আয়োজন করার আলোচনা হয়।	শেখ রাসেল দিবস, ২০২৩ উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অত্র কার্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের করার সিদ্ধান্ত নেওয়া হয়।	১। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক ২। জনাব জাবেদ হায়াত হৃদয়, সংযুক্ত কর্মচারী (ক্রাফট ইন্সট্রাক্টর)

		৩। বাদ জোহর সম্মেলন কক্ষে দোয়া মাহফিলের বিষয়ে আলোচনা হয়।		
০৪	মনিটরিং কমিটি গঠন	খুলনা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে আগামী ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ শেখ রাসেল দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সার্বিক তত্ত্বাবধায়ন ও মনিটরিংসহ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য কমিটি গঠন করার জন্য বলা হয়।	শেখ রাসেল দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সার্বিক তত্ত্বাবধানের জন্য কমিটি গঠন করা হলো। ১। জনাব নারোদ চন্দ্র সিংহ, প্রধান সহকারী ২। জনাব নূর ইসলাম শেখ, সংযুক্ত কর্মচারী ৩। জনাব আল-আমিন নাছিম, সংযুক্ত কর্মচারী	কমিটির সদস্যবৃন্দ

০২। ১৮ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ 'শেখ রাসেল দিবস' হিসেবে যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সভাপতি মহোদয় প্রণীত কর্মসূচী বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করেন এবং সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ

স্মারক নং ঃ ৫৭.০৩.৩৩৪৫.১০১.৯৯.০০১.২৩. ২৮৬(৮) তারিখ ঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, অত্র দপ্তর, (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সংরক্ষণ নথি।

16-10-023

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ
ই-মেইল: rdokhulna@gmail.com
ফোনঃ ০২৪৭৭৭০০৩৪১